



রেজিস্ট্রারের কার্যালয়
খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

খুলনা-৯২০৩

স্মারক নং : খুপ্রবি/শিক্ষা/

তারিখ :

“SOMOSAMOYIK KUETIAN GROUP SCHOLARSHIP PROGRAM” এর বৃত্তির

বিজ্ঞপ্তি

অত্র বিশ্ববিদ্যালয়ের ২০২২-২০২৩ইং শিক্ষাবর্ষে ২য় বর্ষে (২০২১ ব্যাচ) অধ্যয়নরত সকল বিভাগের শিক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, “SOMOSAMOYIK KUETIAN GROUP Scholarship Program” এর বৃত্তি প্রদানের নিমিত্তে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে সকল বিভাগের মধ্য থেকে সর্বোচ্চ ১০ (দশ) জন শিক্ষার্থীকে বৃত্তি প্রদান করা হবে। আগ্রহী শিক্ষার্থীদের নির্ধারিত ফরমে **(যা শিক্ষা শাখা হতে সরবরাহ করা হবে)** ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বা পৌরসভার ওয়ার্ড কমিশনার কর্তৃক অভিভাবকের আয়ের সনদপত্রসহ এ্যাডভাইজার, হল প্রভোস্ট ও বিভাগীয় প্রধানের মাধ্যমে আবেদনপত্র আগামী ২৩/০৫/২০২৩ইং তারিখের মধ্যে শিক্ষা শাখায় জমা দেওয়ার জন্য বলা যাচ্ছে।

শর্ত সমূহ :

- ০১) প্রার্থীকে অবশ্যই আর্থিকভাবে অসচ্ছল ও মেধাবী ছাত্র/ছাত্রী হতে হবে।
- ০২) প্রার্থীকে অবশ্যই সর্বশেষ গ্রেডশীটের (১ম বর্ষ ১ম ও ২য় টার্ম) সত্যায়িত কপি এবং ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বা পৌরসভার ওয়ার্ড কমিশনার কর্তৃক অভিভাবকের আয়ের সনদপত্র আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- ০৩) প্রাথমিকভাবে একটি টার্মের জন্য এই বৃত্তি প্রদান করা হবে, যা সন্তোষজনক ফলাফলের উপর ভিত্তি করে (কমপক্ষে জিপিএ ৩.০০) ৪র্থ বর্ষ পর্যন্ত নিয়মিত টার্মগুলোতে অব্যাহত থাকবে।
- ০৪) আবেদনকারীর বিরুদ্ধে আইন শৃংখলা পরিপন্থী বা অসামাজিক কোন কাজের সাথে জড়িত থাকার অভিযোগ পাওয়া গেলে আবেদনপত্র/বৃত্তি বিনা নোটিশেই বাতিল হবে।
- ০৫) বৃত্তি প্রদানের জন্য অনুমোদিত নীতিমালা অনুযায়ী বৃত্তি বন্টন করা হবে।
- ০৬) মাসিক ৩০০০/- (তিন হাজার) টাকা হারে বৃত্তি প্রদান করা হবে।
- ০৭) বৃত্তি প্রাপ্ত ছাত্র/ছাত্রীদের “SOMOSAMOYIK KUETIAN GROUP Scholarship Program” যাবতীয় এর আইন কানুন মেনে চলতে হবে।

Abdullah
২৩/০৫/২৪

(প্রকৌশলী মোঃ আনিছুর রহমান ভূঞা)

রেজিস্ট্রার

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

স্মারক নং : খুপ্রবি/শিক্ষা

২২/০৫

তারিখ : ২৩/০৫/২৪

Abdullah
২৩/০৫/২৪

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য দেওয়া হলোঃ

- ০১) ডীন, সকল অনুষদ, অত্র বিশ্ববিদ্যালয়।
- ০২) বিভাগীয় প্রধান, সকল বিভাগ, অত্র বিশ্ববিদ্যালয়। তাঁর বিভাগের ২য় বর্ষের ছাত্র/ছাত্রীদের মধ্যে প্রচারের অনুরোধসহ।
- ০৩) সকল হল প্রভোস্ট, হল সমূহ, অত্র বিশ্ববিদ্যালয়। সংশ্লিষ্ট ছাত্র/ছাত্রীদের মাঝে প্রচারের অনুরোধসহ।
- ০৪) চেয়ারম্যান, কেন্দ্রীয় কম্পিউটার সেন্টার, অত্র বিশ্ববিদ্যালয়। (বিজ্ঞপ্তিটি বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে প্রচারের অনুরোধসহ)
- ০৫) ইঞ্জিনিয়ার মোঃ হারুন অর রশিদ- KUET 89 Batch
- ০৬) ইঞ্জিনিয়ার শেখ মনিরুল করিম- KUET 93 Batch
- ০৭) ইঞ্জিনিয়ার মোঃ রাশেদুল হাসান- KUET 99 Batch
- ০৮) সকল নোটিশ বোর্ড, অত্র বিশ্ববিদ্যালয়।
- ০৯) নথি।

Abdullah
২৩/০৫/২৪

(দেবশীষ মন্ডল)

ডেপুটি রেজিস্ট্রার (শিক্ষা)

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়